গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ,রংপুর
www.badargonj.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০৩.০০০.০০০.০৫.০০০১.২৬.২৪১ তারিখ : ১৬/০৩/২০২৬ খ্রি.

**১৪৩৩ বাংলা সনের জন্য বদরগঞ্জ উপজেলাধীন ইজারাযোগ্য হাট-বাজারসমূহ একসনা ইজারা প্রদানের নিমিত্ত পুন:দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ০৬ অক্টোবর ২০২৫ হাট ও বাজার(স্থাপন ওব্যবস্থাপনা) বিধিমালা ২০২৫ মোতাবেক রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ আগামী ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের জন্য আরোপিত শর্তসাপেক্ষে ইচ্ছুক দরদাতাগণের নিকট হতে সিলমোহরকৃত খামে পুন: দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উল্লেখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করা যাবে। নিম্নে উল্লেখিত দরপত্র দাখিলের দিন সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত অফিসসমূহে রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করা যাবে। ওই দিন বেলা ২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারি কাঙ্ক্ষিত ইজারা মূল্যের নিম্নে কোনো দর কিংবা নীতিমালা মোতাবেক কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে তফসিলে বর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে ক্যালেন্ডার এবং উল্লেখিত স্থান ও সময় অনুযায়ী ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। দরপত্র দাখিলের তারিখে কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া গেলে পরবর্তী তারিখে দরপত্র গ্রহণ করা হবে না।

**সিডিউল প্রাপ্তির স্থান/অফিসসমূহ:**

(১) জেলা প্রশাসকের কার্যালয়,রংপুর,(২) পুলিশ সুপারের কাযালয়, রংপুর, (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদরগঞ্জ, রংপুর, (৪) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বদরগঞ্জ, রংপুর, (৫) বদরগঞ্জ থানা, বদরগঞ্জ, রংপুর এবং (৬) সোনালী ব্যাংক পিএলসি, বদরগঞ্জ শাখা, রংপুর এবং (৭) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়, বদরগঞ্জ, রংপুর।

**সিডিউল ড্রপের স্থান/অফিসসমূহ:**

(১) জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর, (২) পুলিশ সুপারের কার্যালয়, রংপুর, (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এবং (৪) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বদরগঞ্জ, রংপুর।

রংপুর জেলার বদরগঞ্জ উপজেলা ১৪৩৩ সানের হাট-বাজার ইজারা প্রদানের ক্যালেন্ডার :

| ক্রম | হাটেরনাম | কাঙ্ক্ষিত সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | সিডিউল বিক্রির শেষ তারিখ | সিডিউল ড্রপের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ১২ |
| ১ | পাঠানেরহাট | ১,৫৯,০৬৮/- | ১,০০০/- | ৩য় বার<br>১৮ চৈত্র ১৪৩২<br>০১/০৪/২০২৬ | ৩য় বার<br>১৯ চৈত্র ১৪৩২<br>০২/০৪/২০২৬ | ৫ ও ৬ কলাম সকল হাটের ক্ষেত্রে প্রযোজ্য |
| ২ | বুড়িরপুকুরহাট | ১,২৯,১৩৭/- | ১,০০০/- | | | |
| ৩ | ট্যাক্সেরহাট | ৩,৭৭,০০০/- | ১,৪০০/- | | | |
| ৪ | ময়নাকুড়িহাট | ৭১,০০২/- | ৫০০/- | | | |
| ৫ | কাঁচাবাড়ীহাট | ১,৩২,৪০৮/- | ১,০০০/- | | | |

০১। দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূলের ৩০% হারে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করতে হবে। উক্ত অর্থ হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা হাটের অন্য কোনো ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে এবং বৎসর শেষে জামানতের অব্যবহৃত অর্থ ইজারাদারকে ফেরত দেয়া হবে।

০২। অনুমোদিত দরদাতারকে পত্রপ্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) বদরগঞ্জ শাখার ১১১০০০০০৫১৬ নং চলতি হিসাবে জমা করে জমার রশিদ (মূল কপি) অত্রাফিসে দাখিল করতে হবে। ইজারা মূল্যের উপর ১০% আগাম আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) চালানমূলে সোনালী ব্যাংক পিএলসি, বদরগঞ্জ শাখায় জমা করতঃ চালানের মূল কপি (সিটিআরসহ) অত্রাফিসে জামা করতে হবে; এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

০৩। ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লেখিত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বিধি মোতাবেক বাজেয়াপ্ত করা হবে।

০৪। ইজারার অন্যান্য শর্তসমূহ দরপত্রের (সিডিউলের) সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে উল্লেখ্য রয়েছে এবং বিস্তারিত জানতে লগ ইন করুন badarganj.rangpur.gov.bd ।

Anjuman 25/03/2026

(আঞ্জুমান সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ, রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ,রংপুর
www.badargonj.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০৩.০০০.০০০.০৫.০০০১.২৬.২৪১ তারিখ : ১৬/০৩/২০২৬ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, রংপুর।
০২। পুলিশ সুপার, রংপুর। তাঁকে নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর। তাঁকে নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/মানবসম্পদ উন্নয়ন), রংপুর।
০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।
০৭। প্রশাসক, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৮। জেলা তথ্য অফিসার, রংপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার............... (সকল), রংপুর।
১০। সহকারী কমিশনার (ভূমি) বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ঝুলিয়ে এবং হাট-বাজারে ঢোল শহরত এবং মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারসহ নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রিয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। প্রশাসক, বদরগঞ্জ পৌরসভা, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর। উল্লেখিত বিজ্ঞপ্তি তাঁর দপ্তরের ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের এবং কমিউনিটি ক্লিনিকসমূহের নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। অফিসার ইনচার্জ, বদরগঞ্জ থানা, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারসহ নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। সাব রেজিস্ট্রার, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, বদরগঞ্জ শাখা, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারসহ নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। উপজেলা ................ অফিসার, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ..................... ইউ.পি, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে এবং হাট-বাজারে ঢোল শহরত ও মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে নির্ধারিত তারিখের পূর্বে প্রচারের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ................... ইউনিয়ন ভূমি অফিস, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারে ঢোল শহরত ও মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে নির্ধারিত তারিখের পূর্বে প্রচারের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৯। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা .................ইউ.পি,বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে এবং হাট-বাজারে ঢোল শহরত ও মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে নির্ধারিত তারিখের পূর্বে প্রচারের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
২০। পোস্ট মাস্টার, বদরগঞ্জ, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২১। জনাব ........................... ইজারাদার, ........................... হাট-বাজার, বদরগঞ্জ, রংপুর।
২২। নোটিশ বোর্ড/অফিস কপি।

Anjuman 26/03/2026

(আঞ্জুমান সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ, রংপুর
মোবাইল ফোন : ০১৭৬১৪৯১৩২২